

মুখোশ

চারিদিকে শুধু মুখোশের ভিড়
 মুখোশেরও মুখ ঢাকা,
 সম্পর্কের বৃথা মায়াজাল
 বৃথা বিজড়ন বৃথা আবড়ল
 আসলে শুন্য ফাঁকা।
 স্বার্থ লোলুপ প্রলেপে প্রলেপে
 মুখোশেরও মুখ ঢাকা।

আয়না ওপারে রোজই দেখি তারে
 মনে মনে কথা হয়,
 পালাব কোথায় কোন গহৰে
 তারই নজর এখারে ওধারে
 তারে নিয়ে শুধু ডয়।
 মনেরই অতলে মোর বিচারক
 মনে মনে কথা হয়।

মুখোশ লুকিয়ে তারই মুখেমুখি
 প্রশ্নেরা এলোমেলো,
 ডাবি কত চাই কোথা আছে শেষ
 কামনার রথে টানবো যে রেশ
 সুখ শুধু কেঁদে গেলো।
 আমারই আমিকে কোথা খুঁজে পাব
 প্রশ্নেরা এলোমেলো।

ঘড়ির কাঁটার ছায়া পরে মুখে
 মুখোশ থাকে নবিন,
 প্রতি রাত ছুটে ভোরকে জাগায়
 বছর গড়িয়ে সংখ্য বাড়ায়
 দিন দিন প্রতিদিন।
 আমি বুড়ো হই তবুও আমার
 মুখোশ থাকে নবিন।

মুখোশ মুখোশ মুখোশের ভিড়
 থাকে মুখোশেরও মুখ ঢাকা।

#

উত্তরায়ণ দেব

২০ই সেপ্টেম্বর, ২০০৯/রায়গঞ্জ/আর পি টিভি